চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮

তারিখ: ০৭.০২.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

**রেডিসন ব্লুতে প্রি রামাদান এক্সিবিশন উদ্বোধনকালে মেয়র ডা. শাহাদাত**
**টেকসই উন্নয়নের চাবিকাঠি নারীর ক্ষমতায়ন**

দেশের সামগ্রিক উন্নয়নে টেকসই উন্নয়ন নিশ্চিতের জন্য  নারীর ক্ষমতায়ন জরুরি বলে মন্তব্য করেছেন জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। চট্টগ্রামের পাঁচ তারকা হোটেল রেডিসন ব্লু বে ভিউতে আজ শুক্রবার শুরু হওয়া প্রি রামাদান এক্সিবিশনের উদ্বোধনকালে এ মন্তব্য করেন তিনি। আধুনিক মানুষ মানে ফ্যাশন সচেতন। তাই নিত্যনতুন ফ্যাশনকে রাঙিয়ে দিতে এবং আধুনিক লাইফস্টাইল সর্বজনীনভাবে চট্টগ্রামবাসীর মধ্যে ছড়িয়ে দিতে এ আয়োজন। পোশাক, জুয়েলারি, জুতা থেকে শুরু করে নানা আয়োজন রয়েছে এই এক্সিবিশনে। এই  এক্সিবিশনে অংশ নিয়েছেন ঢাকা, চট্টগ্রাম ও আন্তর্জাতিক পর্যায়ের স্বনামধন্য ৮০ জনেরও বেশি উদ্যোক্তা, ফ্যাশন ডিজাইনার, স্বনামধন্য ব্র্যান্ড প্রতিষ্ঠান ও জুয়েলারি এক্সপার্ট। মেয়র বলেন, নারীরা যদি সমাজে সমান সুযোগ না পায় এবং সামনের দিকে এগিয়ে যেতে না পারে, তাহলে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন করা কঠিন হয়ে পড়বে। একইসঙ্গে, বৈশ্বিক প্রতিযোগিতামূলক বাজারে দেশের টিকে থাকাটাও চ্যালেঞ্জের মুখে পড়বে। রাজনীতির পাশাপাশি ব্যবসায়িক ক্ষেত্রেও নারীদের অধিক সম্পৃক্ততা নিশ্চিত করতে হবে, যাতে তারা তাদের যথাযথ ভূমিকা পালন করতে পারেন।"আজ নারীরা যেভাবে এগিয়ে আসছে, তা ধরে রাখতে হবে। তাদেরকে সবসময় উৎসাহিত করা, অভিনন্দিত করা এবং সামাজিকভাবে সম্মানিত করাই হবে টেকসই উন্নয়নের মূল চাবিকাঠি। নারীরা এগিয়ে গেলে, শহর এগিয়ে যাবে, দেশ এগিয়ে যাবে, এবং আমরা আন্তর্জাতিক পরিসরে নিজেদের প্রতিষ্ঠিত করতে পারবো।"
নারীদের ক্ষমতায়নের পাশাপাশি তাদের স্বাস্থ্য ও স্যানিটেশন সুবিধা নিশ্চিতকরণেও চট্টগ্রাম সিটি কর্পোরেশন কাজ করে যাচ্ছে বলে জানান মেয়র। তিনি বলেন, আমরা দেখেছি, অনেক নারী পাবলিক টয়লেট ব্যবহারে অস্বস্তিবোধ করেন। ফলে তারা সংক্রমণের ঝুঁকিতে পড়েন, বিশেষ করে ইউরিনারি ট্র্যাক্ট ইনফেকশনে আক্রান্ত হন। এটি একটি গুরুত্বপূর্ণ স্বাস্থ্যগত সমস্যা, যার সমাধানে আমরা উদ্যোগ নিয়েছি।"

তিনি জানান, সম্প্রতি পতেঙ্গা সমুদ্র সৈকতে আটটি আধুনিক টয়লেট স্থাপন করা হয়েছে নারীদের জন্য, যেখানে স্যানিটেশন, পরিচ্ছন্নতা এবং নিরাপত্তার ব্যবস্থা রাখা হয়েছে। এছাড়া, চট্টগ্রামের অন্যান্য স্থানেও নারীদের জন্য পাবলিক টয়লেট স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।মেয়র শাহাদাত হোসেন নারীদের অর্থনৈতিক উন্নয়নে বিভিন্ন উদ্যোগ গ্রহণের কথাও উল্লেখ করেন। তিনি বলেন, এক সময় চট্টগ্রামে বিভিন্ন নারী সংগঠন লাইফস্টাইল এক্সিবিশন ও এক্সপো আয়োজন করতো, যা নারীদের ব্যবসায়িক সুযোগ বাড়াতে সহায়তা করতো। এই ধরনের উদ্যোগ পুনরায় চালু করা হলে নারীরা আরও স্বাবলম্বী হতে পারবে এবং অর্থনীতিতে তাদের অবদান বৃদ্ধি পাবে।তিনি আরও বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন নারীদের ব্যবসায়িক উদ্যোগে সহায়তা করতে সর্বদা প্রস্তুত এবং ভবিষ্যতে আরও উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করবে।নারীদের সুরক্ষা ও সম্মান নিশ্চিত করা না গেলে সমাজের সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়। নারীদের প্রতি ইতিবাচক মনোভাব এবং সামাজিক দৃষ্টিভঙ্গির পরিবর্তনই তাদের প্রকৃত ক্ষমতায়নের মূল ভিত্তি।"

নারীর ক্ষমতায়ন এবং উন্নয়ন নিশ্চিত করতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন সর্বাত্মক সহযোগিতা প্রদান করবে বলে আশ্বাস দেন মেয়র। তিনি জানান, নারীদের অংশগ্রহণ বৃদ্ধির জন্য সিটি কর্পোরেশন নতুন নতুন উদ্যোগ গ্রহণ করবে এবং এই সকল প্রকল্পের সঠিক বাস্তবায়নের জন্য প্রতিশ্রুতিবদ্ধ থাকবে। তিনি বলেন, আমি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র হিসেবে নারীদের সার্বিক উন্নয়নে আমার দায়িত্ব পালন করে যাবো এবং সকল স্তরের নারীদের জন্য একটি নিরাপদ, সমান সুযোগপূর্ণ ও সমৃদ্ধ চট্টগ্রাম গড়ে তোলার প্রচেষ্টা চালিয়ে যাবো।

এ সময় আরো উপস্থিত ছিলেন ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবু সাইদ মুহাম্মদ আলী এবং আবু সায়েদ সেলিম। এম অ্যান্ড এম বিজনেসের সিইও মানজুমা মোর্শেদ জানান, চট্টগ্রামের ঈদ মানে নানা আয়োজন। আর কর্মব্যস্ত জীবনে ঈদের কেনাকাটা করা অনেকের জন্যই চ্যালেঞ্জিং। এছাড়া নারীদের স্বাবলম্বী করে গড়ে তোলার জন্য নানামুখী কার্যক্রম সংঘটিত হচ্ছে। গত ১৬-১৭ বছরে ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তাদের এগিয়ে নিয়ে যাওয়ার জন্য নানা ধরনের সাহায্য সহযোগিতা প্রদান করা হচ্ছে। নারীরা এখন অনলাইন প্লাটফর্মে ব্যবসা করে। দেশের অর্থনীতিতে বৃহৎ আকারে ভূমিকা রাখছে। চট্টগ্রামের জনগণ  প্রি রামাদান এক্সিবিশনের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করে। আশা করা যায়, তাঁদের প্রত্যাশা পূরণ হবে। এছাড়া এই প্রদর্শনীর গ্রাহক তৈরিতে সাহায্য হবে এই সকল উদ্যোক্তাদের। প্রদর্শনীর পৃষ্ঠপোষকদের মধ্যে অন্যতম ব্রডকাস্ট পার্টনার সার্কেল এবং মিডিয়া পার্টনার দ্যা বিজনেস স্ট্যান্ডার্ড। এই এক্সিবিশন সকাল ১১টা থেকে রাত ১১টা পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত। চলবে রবিবার পর্যন্ত।

# রাউজানে বিসিসিইউএল হাসপাতালের উদ্বোধনী অনুষ্ঠানে ডা. শাহাদাত হোসেন

চিকিৎসকরা ভালোভাবে সময় দেন না বলেই রোগীরা বিদেশে চলে যায়  দেশের চিকিৎসকরা ভালোভাবে সময় দেন না বলেই রোগীরা বিদেশে চলে যায় বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) মেয়র ডা. শাহাদাত হোসেন।
তিনি বলেন, বাংলাদেশের ডাক্তাররা অনেক অভিজ্ঞ অনেক শিক্ষিত। আমরা রোগীদের সময় দিতে পারি না বিধায়, আমাদের রোগীরা বিদেশে চলে যাচ্ছে। ডাক্তাররা যদি বেশী রোগীর পরিবর্তে ২০ থেকে ২৫ জন রোগী দেখেন। আর প্রতিজন রোগীকে যদি ২০ মিনিট ধরে সময় দেওয়া যায় তাহলেই রোগীর আসল রোগের অবস্থা জেনে ভালো চিকিৎসা দেওয়া যাবে।

তিনি শুক্রবার (৭ ফেব্রুয়ারী) বিকেলে রাউজান উপজেলাধীন চুয়েট সংলগ্ন পাহাড়তলী চৌমুহনীস্থ হাজী মকবুল টাওয়ারে বিসিসিইউএল জেনারেল হাসপাতালের শুভ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

রাউজানের নতুন হাসপাতাল কর্তৃপক্ষকে উদ্দেশ্য করে শাহাদাত হোসেন বলেন, একটি হসপিটাল উদ্বোধন করা বড় কথা নয়, হসপিটালের মান ধরে রাখাই বড় কথা। হসপিটালের মান ধরে রাখার জন্য সবার প্রচেষ্টা থাকতে হবে।

তিনি বলেন, আপনারা যারা হসপিটালটি করেছেন এ হসপিটালের মান আপনারা ধরে রাখবেন। আমাদের এখান থেকে অধিকাংশ রোগী ভারতে চলে যায়, ভারতে যাতে রোগী চলে যেতে না হয় সেজন্য আপনাদের হাসপাতালে সেবার মান বৃদ্ধি করবেন।

রাউজানে ডায়ালাইসিস মেশিন আনার কারণে গ্রামবাসীর জন্য উপকার হয়েছে জানিয়ে তিনি বলেন, রাউজানে এ প্রথম ডায়ালাইসিস মেশিন, এটা আমার খুব ভালো লেগেছে। গ্রামবাসীর জন্য উপকারে আসবে। এছাড়াও বাচ্চাদের জন্য এনআইসিইউ সেন্টার, শহরের বেশ কয়েক জায়গায় থাকলেও গ্রামে নেই। রাউজানে থাকছে, এটা একটা চমৎকার উদ্যোগ নিয়েছেন আপনারা।

জনগণের অধিকার ঠিকভাবে পূরণ করতে হবে মন্তব্য করে চসিক মেয়র বলেন, শিক্ষা, স্বাস্থ্য, বস্ত্র, চিকিৎসা, এসব মানুষের অধিকার। যেগুলো আমরা এতদিন পাইনি, এই অধিকার নিশ্চিত করতে হবে। এখন আমরা যারা আছি, সবাইকে মানুষের অধিকার যথাযথভাবে দিতে হবে। আমরা যদি আগের মতো মনে করি যে, তাদের অধিকার হরণ হয়েছে দেখে আমরাও অধিকার হরণ করবো, তা হবে না। এ চিন্তা থেকে আমাদের বের হয়ে আসতে হবে। এরপরই ঐক্যবদ্ধ হয়ে এ শহরকে আমাদের প্রতিষ্ঠিত করতে হবে। তাহলেই আমরা একটি গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠা করতে পারব।

দি বিসিসিইউএল জেনারেল হাসপাতালের চেয়ারম্যান ভদন্ত শাসন রক্ষিত ভিক্ষু'র সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে উপস্থিতি ছিলেন বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা অধ্যাপক ড. সুকোমল বড়ুয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় যুগ্ম নিবন্ধক বাবু আশীষ কুমার বড়ুয়া, মো. দুলাল মিঞা, রাউজান উপজেলা নির্বাহী অফিসার জিসান বিন মাজেদ, জেলা সমবায় অফিসার মুরাদ আহম্মদ, রাউজান সহকারি কমিশনার (ভূমি) অং ছিং মারমা, চট্টগ্রাম ডায়াবেটিক সমিতির সভাপতি প্রফেসর জাহাঙ্গীর চৌধুরী, সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন রাউজান থানার ওসি একেএম শফিকুল আলম চৌধুরী, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের ট্রাস্টি বাবু রুবেল বড়ুয়া হৃদয়, রাউজান উপজেলা প্রকৌশলী আবুল কালাম, উপজেলা সমবায় অফিসার ওবাইদুল হক, কালব'র পরিচালক বাবু উত্তম কুমার দে, পাহাড়তলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়াররম্যান শ্রীমতি অর্পিতা মুৎসুদ্দী, মকবুল টাওয়ারের স্বত্বাধিকারী আবদুল হক, মো. মোস্তফা, বিসিসিইউএল'র ভাইস চেয়ারম্যান অধ্যাপক উজ্জ্বল মুৎসুদ্দী, বাংলাদেশ বুড্ডিস্ট ডক্টরস এসোসিয়েশনের সভাপতি প্রফেসর ডা. চৌধুরী চিরঞ্জীব বড়ুয়া প্রমূখ।

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮